DGHS Web Site DD (HOS-2) 20
Diary No. ৬৫৬ Date: 27/2/20
ADG.....
Director.....Hospital
Line Director.....
Programme Manager.....
FA to DG.....

27 FEB 2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.০০.৪৯১৬.১৫৫.০২.০০৫.১৮-৯৬৪ তারিখ:-২০-০২-২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ উচ্চ প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সার্বক্ষণিক চালু রাখার স্বার্থে Comprehensive Maintenance Contract (CMC) সম্পাদনের লক্ষ্যে প্রণীত গাইড লাইন।

স্বাস্থ্য সেবায় দেশের বিভিন্ন সরকারি হাসপাতালে উচ্চ প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে। উক্ত যন্ত্রপাতি নিয়মিত রক্ষণাবেক্ষণপূর্বক দীর্ঘ সময় ব্যবহার উপযোগী রাখার লক্ষ্যে নিম্নরূপ শর্ত সম্বলিত Comprehensive Maintenance Contract (CMC) গাইডলাইন প্রণয়ন করা হলোঃ

ক. CMC এর আর্থিক ও কারিগরি শর্তঃ

| ক্র.নং | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | চুক্তিমূল্য | ১.১ CMC এর ক্ষেত্রে বিডার কর্তৃক সরবরাকৃত যন্ত্রপাতির Warranty/Guaranty শেষে মূল ক্রয়মূল্যের উপর পরবর্তী তিন/পাঁচ বৎসরের জন্য বছর ভিত্তিক প্রস্তাব দাখিল করবে। |
| | | ১.২ CMC এর ক্ষেত্রে বছর ভিত্তিক স্থানীয় মুদ্রায় বিডার প্রস্তাব দাখিল করবে। |
| | | ১.৩ CMC এর ক্ষেত্রে যন্ত্রপাতির ১ম বছরের দর প্রকৃত মূল্য এর ৬.৫% এর অধিক হবে না। পরবর্তী বছর সমূহের জন্য ৫% হারে (Incremental) চুক্তিমূল্য বৃদ্ধি করা যেতে পারে। যেমন: যন্ত্রপাতির প্রকৃত ক্রয়মূল্য ১০০০ (একহাজার) টাকা হলে CMC ১ম বছরের চুক্তিমুল্য ৬.৫% মোতাবেক ৬৫.০০ টাকা। অর্থাৎ |
| | | ৬৫ টাকা (১ম বছর) → ৫% বৃদ্ধিতে → ৬৮.২৫টাকা (২য় বছর) → ৫%বৃদ্ধিতে → ৭১.৬৬ টাকা (৩য় বছর) |
| | | ১.৪ ভ্যাট এবং ট্যাক্স সরকারি নীতিমালা অনুযায়ী কর্তন যোগ্য হবে। |
| | | ১.৫ প্রস্তাবিত CMC চুক্তিমূল্য প্রতিলটের/একক মেশিনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। |
| ২ | চুক্তির মেয়াদ | ২.১ সরবরাহকৃত যন্ত্রপাতির Warranty/GuarantyPeriod শেষ হওয়ার ৬ মাস পূর্বেই সংশ্লিষ্ট সরবরাহকারী CMC চুক্তিকরত: Performance Guaranty (PG) ফেরৎ নেয়ার আবেদন করবে। |
| | | ২.২ Laboratory Equipment এর জন্য সর্বোচ্চ ৩ বৎসর এবং Radiology Equipment এর জন্য সর্বোচ্চ ৫ বৎসর CMC হতে পারে। |
| | | ২.৩ চুক্তিকারী কোম্পানীর পারফরমেন্স এবং মেশিনে আয়ুস্কাল ও ব্যবহারের বিবেচনায় ত্রিপক্ষীয় (User, NEMEMW & Vendor) সিদ্ধান্তের মাধ্যমে CMC নবায়ন করা যেতে পারে। |
| ৩ | ইতঃপূর্বে CMC হয়নি এরুপ মেশিনের ক্ষেত্রে চুক্তির মেয়াদ | ৩.১ পূর্বে যে তারিখেই Warranty শেষ হোক না কেন, চুক্তির তারিখ হতে ক্রমিক নং ১ অনুযায়ী চুক্তিমূল্য হিসাব ও কার্যকর হবে। |
| ৪ | সেবার পরিধি | ৪.১ মেশিনের সেফ ফাংশনাল কন্ডিশন নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ধরনের Spare parts, Software Upgradation এবং লেবারসহ যাবতীয় Preventive, corrective and breakdown maintenance CMC- এর অন্তর্ভুক্ত থাকবে। উপরে বর্ণিত কার্যসমূহ মেশিন প্রস্তুতকারক কর্তৃক সরবরাহকৃত অপারেশন ম্যানুয়াল অনুযায়ী সম্পন্ন করতে হবে। |
| | | ৪.২ কোন নির্দিষ্ট হাসপাতালে কোন প্রতিষ্ঠানের CMC বাৎসরিক চুক্তিমূল্য ০১ (এক) কোটি বা |

| | | |
|---|---|---|
| | | এর অধিক হলে সংশ্লিষ্ট কোম্পানী কে কমপক্ষে একজন দক্ষ প্রকৌশলী ঐ হাসপাতালে সার্বক্ষণিক মনিটরিং এ রাখতে হবে। CMC বাৎসরিক চুক্তিমূল্য ০১ (এক) কোটির কম হলে একজন দক্ষ প্রকৌশলী/ইলেক্ট্রো-মেডিকেল টেকনোলজিষ্ট দ্বারা সার্বক্ষণিক মনিটরিং এর ব্যবস্থা করতে হবে। |
| | | ৪.৩ Peripheral Service যথা Online UPS, AC, Dehumidifier, Wiring as per machine standard নিশ্চিতের বিষয়টি CMC এর অন্তর্ভূক্ত থাকবে। |
| ৫ | খুচরা যন্ত্রাংশ | ৫.১ সকল Spare Parts এবং Software Upgradation, Machine ও Model অনুযায়ী হতে হবে। |
| ৬ | আপটাইম এবং ডাউনটাইম সার্ভিস | ৬.১ CMC কালীন আপটাইম ৯৫% (প্রতি বছরে ৩৬৫ দিনের মধ্যে ৩৪৭ দিন) এবং 'ডাউনটাইম সর্বোচ্চ ৫% (প্রতি বছরে ৩৬৫ দিনের মধ্যে ১৮ দিন) হবে। ডাউনটাইম ৫% এর বেশি হলে প্রতি ১ দিনের জন্য ২ দিন (১:২) হারে অতিরিক্ত সময় যোগ হবে অথবা এই হারে জরিমানা করা হবে। |
| | | ৬.২ জরিমানার ক্ষেত্রে প্রতি ১ দিন মেশিন বন্ধ থাকলে ২ দিনের CMC বিল কর্তন করা হবে। |
| ৭ | মনিটরিং | ৭.১ CMC কালীন সুষ্ঠু মনিটরিং এবং সুপারভিশনের স্বার্থে Log book যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। এ ক্ষেত্রে প্রতি ৩ মাস পরপর (বছরে ৪ বার) নির্ধারিত ছকে নিমিউ'র নিকট রিপোর্ট করতে হবে। |
| | | ৭.২ প্রতি Breakdown এবং Repair এর সময় নিমিউ-কে অবহিত করতে হবে। |
| ৮ | পেমেন্ট | ৮.১ যন্ত্রপাতির মেরামত কাজের বিল দাখিল করা হলে নিমিউ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনক প্রত্যয়ন শেষে বিল পরিশোধ করা যাবে।<br>৮.২ প্রতিবার মেরামতের ক্ষেত্রে নিমিউ'র প্রত্যয়ন পত্র নিতে হবে এবং বিল দাখিলের সময় উক্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।<br>৮.৩ বিল পরিশোধের ক্ষেত্রে CMC চুক্তির যাবতীয় শর্তাবলী প্রতিপালন নিশ্চিত করতে হবে।<br>৮.৪ কোন কারণে CMC এর শর্তাবলী পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কে পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্তসহ কালো তালিকা ভুক্ত করা হবে। |
| খ. Performance Security | | |
| ৯ | Performance Security | ৯.১ মোট CMC চুক্তি মূল্যের ১০% পারফরমেন্স সিকিউরিটি ব্যাংক গ্যারান্টি হিসেবে চুক্তির সময় জমা রাখতে হবে যা চুক্তি শেষে ফেরত দেয়া হবে। |
| গ. সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সুপারিশ | | |
| ১০ | বাজেট বরাদ্দ বিষয়ে | ১০.১ CMC চুক্তির অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়মিত বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে এবং সে মতে ব্যয় নির্বাহ করতে হবে। |
| ১১ | অন্যান্য | ১১.১ Standard Tender Document (STD) তে CMC এর গাইডলাইন অন্তর্ভুক্ত করতে হবে। |
| | | ১১.২ Standard Tender Document (STD) এ Price Schedule (PG-4/PG-3) CMCএর জন্য Customize করা যেতে পারে। |
| | | ১১.৩ দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক CMC দরসহ দরপত্র মূল্যায়ন করতে হবে। |
| | | ১১.৪ সরবরাহকৃত যন্ত্রপাতির জন্য CMC মূল্য ব্যতিরেকে কে বলমাত্র প্রকৃত মূল্য পরিশোধযোগ্য হবে। |
| | | ১১.৫ প্রতি বছরের CMC বিল ১ বছর পূর্ণ হওয়ার পর নিমিউ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিশোধ করবে। |

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

০৩। এ আদেশ দ্বারা স্বাস্থ্য সেবা বিভাগের গত ২৩-০৯-২০১৯ খ্রিঃ তারিখে ৪৫.০০.৪৯১৬.১৫৫.০২.০০৫.১৮-৬৩৬ সংখ্যক স্মারকে জারীকৃত CMC গাইড লাইনটি বাতিল করা হলো।

20/2/2020

(মোঃ আবু রায়হান মিঞা)
উপসচিব

বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (ভান্ডার ও সরবরহা), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল-------------------------
৪। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল-----------------------------
৫। পরিচালক/সহকারী পরিচালক------------------------------------------
৬। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন----------------------------------------
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।